# রাজবাড়ী পৌরসভা কার্যালয়
## রাজবাড়ী

প্রাপক : জনাব ..........................................................

..........................................................

সদস্য, বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক স্থায়ী কমিটি
রাজবাড়ী পৌরসভা, রাজবাড়ী।

বিষয় : **রাজবাড়ী পৌরসভার বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক স্থায়ী কমিটির সভা আহবান প্রসংগে।**

জনাব,

বর্ণিত বিষয়ে রাজবাড়ী বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সদস্যগণকে জানানো যাচ্ছে যে, আগামী ১৪/০৯/২০২৩ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার ১১-৩০ ঘটিকায় পৌরসভা কার্যালয়ে কমিটির সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থেকে মূল্যবান মতামত প্রদানসহ সার্বিক সহযোগিতা করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

অনুরোধক্রমে

(মোঃ তৌহিদুল ইসলাম)
সভাপতি
বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক স্থায়ী কমিটি
রাজবাড়ী পৌরসভা।

Rp-Market(n)/29

# রাজবাড়ী পৌরসভা কার্যালয়

## রাজবাড়ী

১৪/০৯/২০২৩ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার ১১-৩০ ঘটিকায় পৌরসভা কার্যালয়ে অনুষ্ঠিত রাজবাড়ী বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর ঃ

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | জনাব মোঃ তৌহিদুল ইসলাম, কাউন্সিলর, ৯নং ওয়ার্ড | সভাপতি | [signature] ১৪।৯।২৩ |
| ২। | ,, মোঃ আলমগীর শেখ তিতু, মেয়র, রাজবাড়ী পৌরসভা। | সদস্য | [signature] |
| ৩। | ,, মিসেস ফারজানা আলম, কাউন্সিলর, ১, ২ ও ৩নং সংরক্ষিত ওয়ার্ড | সদস্য | [signature] ১৪।০৯।২৩ |
| ৪। | ,, মোছাঃ মরিয়ম কাজী কাউন্সিলর, ৭, ৮ ও ৯নং সংরক্ষিত ওয়ার্ড | সদস্য | মরিয়ম ১৪।০৯।২৩ |
| ৫। | ,, আঃ রব বিশ্বাস, কাউন্সিলর, ১নং ওয়ার্ড | সদস্য | [signature] ১৪/৯/২৩ |

# রাজবাড়ী পৌরসভা কার্যালয়
## রাজবাড়ী।

**রাজবাড়ী পৌরসভার বাজার মূল্য পর্যবেক্ষন, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী ঃ**

অদ্য ১৪/০৯//২০২৩ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার ১১.৩০ ঘটিকায় পৌরসভার কাউন্সিলর জনাব মোঃ তৌহিদুল ইসলাম এর সভাপতিত্বে রাজবাড়ী পৌরসভা কার্যালয়ে বাজার মূল্য পর্যবেক্ষন, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হয়।

<u>সভায় উপস্থিত সদস্যবৃন্দ ঃ</u>

| | | |
|---|---|---|
| ০১। | জনাব মোঃ তৌহিদুল ইসলাম, কাউন্সিলর, ৯নং ওয়ার্ড, রাজবাড়ী পৌরসভা | সভাপতি |
| ০২। | জনাব মোঃ আলমগীর শেখ তিতু, মেয়র, রাজবাড়ী পৌরসভা | সদস্য |
| ০৩। | জনাব মিসেস ফারজানা আলম, কাউন্সিলর, ১,২ ও ৩ নং সংরক্ষিত ওয়ার্ড, রাজবাড়ী পৌরসভা | সদস্য |
| ০৪। | জনাব মোছাঃ মরিয়ম কাজী, কাউন্সিলর, ৭,৮ ও ৯ নং সংরক্ষিত ওয়াড রাজবাড়ী পৌরসভা | সদস্য |
| ০৫। | জনাব আঃ রব বিশ্বাস, কাউন্সিলর, ১নং ওয়ার্ড, রাজবাড়ী পৌরসভা | সদস্য |

**<u>আলোচ্য সূচী ঃ</u>**

সভার শুরুতেই সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন এবং আলোচনা পর্বে অংশগ্রহনের জন্য সকলকে অনুরোধ জানান।

(ক) জনাব, মিসেস ফারজানা আলম, কাউন্সিলর, ১, ২ ও ৩ নং সংরক্ষিত ওয়ার্ড, রাজবাড়ী পৌরসভা ও সদস্য বাজার মূল্য পর্যবেক্ষন, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক স্থায়ী কমিটি, রাজবাড়ী পৌরসভা। তিনি আলোচনা পর্বে অংশ গ্রহন করে বলেন যে, আসন্ন শারদীয় দূর্গা উৎসব রাজবাড়ী বাজারের মধ্যে সার্বক্ষনিক পরিষ্কার পরিচ্ছন্ন কর্মী দ্বারা পরিষ্কার রাখতে হবে। বাজারের মধ্যে অবস্থিত যে সকল ব্যবসায়ীগন রাস্তার উপর মালামাল রেখে ব্যবসা পরিচালনা করছেন উক্ত ব্যবসায়ীদের জরিমানার আওতায় আনার সুপারিশ করেন। রাজবাড়ী পৌরসভার নিয়ন্ত্রনাধীন বাজারের মধ্যে যত্রতত্র রাস্তার উপর মালামাল রেখে ব্যবসা বন্ধ করার লক্ষে মোবাইল টিমের মাধ্যমে অপসারণ করা দরকার। বর্তমানে বাজার পূর্বের ন্যায় অবস্থান করছে। বাজারের মধ্যে অবস্থিত ড্রেন স্পেশাল টিমের মাধ্যমে পরিষ্কার করা হচ্ছে, পরিচ্ছন্ন কর্মীদ্বারা সার্বক্ষনিক পরিষ্কার রাখাসহ সকল ব্যবসায়ীগন তাদের মালামাল/পণ্য সামগ্রী সঠিক ভাবে বিক্রয় করছে কিনা সার্বক্ষনিক মনিটরিং করার প্রয়োজন এবং বাজার মূল্য নিয়ন্ত্রণ করা প্রয়োজন। বাজারের মধ্যে সার্বক্ষনিক নজরদারীর জন্য সুপারিশ করেন।

(খ) জনাব, মরিয়ম কাজী, কাউন্সিলর, ৭, ৮ ও ৯ নং সংরক্ষিত ওয়ার্ড, ও সদস্য বাজার মূল্য পর্যবেক্ষন, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক স্থায়ী কমিটি, রাজবাড়ী পৌরসভা। তিনি আলোচনা পর্বে অংশগ্রহন করে বলেন যে, মেয়র মহোদয় পরিচ্ছন্ন কর্মীর মাধ্যমে বাজার ও মার্কেট সমূহের সামনের দিকটা অনেক পরিষ্কার করেছে, বর্তমানে আবার সাবেক অবস্থানে চলে যাচ্ছে, নজরদারী বাড়ানোসহ বাজারের মধ্যে অবস্থিত ফুটপথ সমূহ ব্যবসায়ীগন কোন ভাবেই দখল করে ব্যবসা পরিচালনা করতে না পারে, সর্বক্ষনিক তদারকি বাড়াতে হবে। এতে করে ক্রেতা সাধারণ চলাচলসহ কেনাকাটায় সুবিধা পাবে। যে সকল ড্রেন পরিষ্কার করা হয়েছে। দোকানদারগন কোন ভাবেই যেন দোকানের ময়লা-আবর্জনা ড্রেনের মধ্যে ফেলতে না পারে সতর্ক করে একটি মাইকিং করার জন্য অনুরোধ করেন। আইন শৃঙ্খলা রক্ষাসহ বাজারের মধ্যে মহিলাদের জন্য পাবলিক টয়লেট নিশ্চিত করার জোর সুপারিশ করেন।

(গ) জনাব, আঃ রব বিশ্বাস, কাউন্সিলর, ০১ নং ওয়ার্ড,ও সদস্য বাজার মূল্য পর্যবেক্ষন, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক স্থায়ী কমিটি, রাজবাড়ী পৌরসভা। তিনি আলোচনা পর্বে অংশ গ্রহন করে বলেন যে, আসন্ন শারদীয় দূর্গা উৎসব বাজারের মধ্যে সার্বক্ষনিক নজরদারীর মধ্যে রাখতে হবে। রাজবাড়ী বাজারের মধ্যে সার্বক্ষনিক পরিষ্কার পরিচ্ছন্ন কর্মীদ্বারা পরিষ্কার রাখতে হবে। বাজারের মধ্যে অবস্থিত যে সকল ব্যবসায়ীগন রাস্তার উপর মালামাল রেখে ব্যবসা পরিচালনা করছেন উক্ত ব্যবসায়ীদের জরিমানার আওতায় আনার সুপারিশ করেন। রাজবাড়ী পৌরসভার নিয়ন্ত্রনাধীন বাজারের মধ্যে যত্রতত্র রাস্তার উপর মালামাল রেখে ব্যবসা বন্ধ করার লক্ষে মোবাইল টিমের মাধ্যমে অপসারণ করা হয়েছিল বর্তমানে বাজার পূর্বের ন্যায় অবস্থান করছে। বাজারের মধ্যে অবস্থিত ড্রেন স্পেশাল টিমের মাধ্যমে পরিষ্কার করা হয়েছে, পরিচ্ছন্ন কর্মীদ্বারা সার্বক্ষনিক পরিষ্কার রাখাসহ সকল ব্যবসায়ীগন তাদের মালামাল/পণ্য সামগ্রী সঠিক ভাবে বিক্রয় করছে কিনা সার্বক্ষনিক মনিটরিং করার প্রয়োজন এবং বাজার মূল্য নিয়ন্ত্রণ করা প্রয়োজন। বাজারের মধ্যে সার্বক্ষনিক নজরদারীর জন্য সুপারিশ করেন।

(ঘ) জনাব মোঃ তৌহিদুল ইসলাম, কাউন্সিলর, ৯নং ওয়ার্ড, রাজবাড়ী পৌরসভা ও সভাপতি বাজার মূল্য পর্যবেক্ষন, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক স্থায়ী কমিটি, রাজবাড়ী পৌরসভা। তিনি আলোচনা পর্বে অংশগ্রহন করে বলেন যে, বাজারের মধ্যে বাতি ও শহর পরিষ্কার রাখা খুবই জরুরী। আসন্ন শারদীয় দূর্গা উৎসব রাজবাড়ী বাজারের মধ্যে সার্বক্ষনিক পরিষ্কার পরিচ্ছন্ন কর্মী দ্বারা পরিষ্কার রাখতে হবে। বাজারের মধ্যে অবস্থিত যে সকল ড্রেন পরিষ্কার করা হয়েছে, সার্বক্ষনিক এই কার্যক্রম অব্যহত রাখার জন্য জোর দাবী করেন। ক্রেতা সাধারনের নিকট থেকে বেশী পরিমানে খাজনা নেয়া হয়, পৌরসভা কর্তৃক নিয়ন্ত্রণ করা প্রয়োজন। বিভিন্ন বাজারের নিত্য প্রয়োজনীয় পণ্য সামগ্রীর মূল্য পরিস্থিতি, পন্য চাহিদা ও সরবরাহ পরিস্থিতি, ভেজাল পণ্য স্বাস্থ্যের জন্য ক্ষতিকর সামগ্রীর বিক্রয় পরিস্থিতি প্রতিদিন পর্যবেক্ষন সহ এবং পৌর পরিষদ সভায় উপস্থাপন করার জন্য সুপারিশ করেন।

(ঙ) জনাব মোঃ আলমগীর শেখ তিতু, মেয়র, রাজবাড়ী পৌরসভা ও সদস্য বাজার মূল্য পর্যবেক্ষন, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক স্থায়ী কমিটি, রাজবাড়ী পৌরসভা। তিনি আলোচনা পর্বে অংশগ্রহন করে বলেন যে, আসন্ন শারদীয় দূর্গা উৎসব বাজারের মধ্যে রাস্তার বাতি ও শহর পরিষ্কার রাখা খুবই জরুরী। বাজারের মধ্যে সার্বক্ষনিক পরিষ্কার পরিচ্ছন্ন কর্মী দ্বারা পরিষ্কার রাখতে হবে। বাজারের মধ্যে অবস্থিত যে সকল ড্রেন আছে সার্বক্ষনিক পরিষ্কার রাখতে হবে। দোকানদারগণ দোকানে ঝাপ দিয়ে ব্যবসা পরিচালনা করছেন এবং রাস্তার মধ্যে ভ্যানের উপর ফল,পুরাতন কাপড় এবং চটপটি-ফুসকা বিক্রি করছেন। এই সকল ব্যবসা থেকে বিরত রাখার জন্য বাজার পরিদর্শক-কে সার্বক্ষনিক মনিটরিং করার জন্য বলেন। ব্যবসায়ীগনকে ভেজালমুক্ত খাদ্য সরবরাহ ও মূল্য ক্রয় ক্ষমতার মধ্যে রেখে ব্যবসা করার জন্য ব্যবসায়ীদের প্রতি অনুরোধ জানান।

## সুপারিশ সমূহ ঃ

১) আসন্ন শারদীয় দূর্গা উৎসব বাজারের মধ্যে রাস্তার বাতি ও শহর পরিষ্কার রাখাসহ সার্বক্ষনিক নজরদারী করতে হবে। শারীরিক দুরুত্ব বজায় রাখাসহ মাস্ক ব্যবহার করতে হবে। পৌর এলাকার মধ্যে মাইকিং, মোবাইল টিম পরিচালনার মাধ্যমে ফুটপথ, রাস্তা দখল মুক্ত করা ও ভারি ট্রাক বাজারের মধ্যে প্রবেশ করতে না দেয়ার জন্য এবং ক্রেতা সাধারণের ভোগান্তি নিরশনের জন্য জোর সুপারিশ করা হয়।

২) পণ্য চাহিদা ও সরবরাহ পরিস্থিতি পর্যালোচনা করা। কোন প্রকার সংকট থাকলে উহার কারণ ও সমাধানের উপায় নির্ধারণ করা। সামগ্রীক বাজার পরিস্থিতির জন্য ক্ষতিকর পণ্য সামগ্রীর বিক্রয় নিয়মিত ভ্রাম্যমান আদালত পরিচালনায় প্রশাসনের সহযোগিতা নেওয়া এবং ভ্রাম্যমান আদালতকে সামগ্রীক ভাবে সহায়তা করার সুপারিশ করা হয়।

৩) পৌরসভা এলাকায় অবস্থিত বিভিন্ন বাজারের নিত্য প্রয়োজনীয় পণ্য সামগ্রীর মূল্য পরিস্থিতি ও মূল্য নিয়ন্ত্রণে রাখার জন্য ব্যবসায়ীদের প্রতি অনুরোধ জানানোর সুপারিশ গৃহীত হয়।

৪) ফুটপাত দখল মুক্ত ও ড্রেনের মধ্যে ময়লা আবর্জনা ফেলানো থেকে বিরত থাকার জন্য মাইকিং করার সুপারিশ করা হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি মেয়র মহোদয়সহ সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষনা করেন।

২৪/৯/২০

(মোঃ তৌহিদুল ইসলাম)
সভাপতি
বাজার মূল্য পর্যবেক্ষন মনিটরিং ও নিয়ন্ত্রন বিষয়ক স্থায়ী কমিটি ও
কাউন্সিলর, রাজবাড়ী পৌরসভা।

অনুলিপি সদয় অবগতি ও কার্যাথ্যে ঃ

১-৫। জনাব .....................সদস্য, বাজার মূল্য পর্যবেক্ষন মনিটরিং ও নিয়ন্ত্রন বিষয়ক স্থায়ী কমিটি, রাজবাড়ী পৌরসভা।

০৬। একান্ত সহকারী, মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য।

Parmanent commity

# রাজবাড়ী পৌরসভা কার্যালয়
## রাজবাড়ী।

প্রাপক ঃ জনাব/ জনাবা ..................................................

..................................................................ও

সদস্য, স্বাস্থ্য, পানি ও স্যানিটেশন বিষয়ক স্থায়ী কমিটি
রাজবাড়ী পৌরসভা।

বিষয় ঃ রাজবাড়ী পৌরসভার স্বাস্থ্য, পানি ও স্যানিটেশন বিষয়ক স্থায়ী কমিটির সভার আহবান প্রসংগে।

জনাব,

বর্নিত বিষয়ে রাজবাড়ী পৌরসভার স্বাস্থ্য, পানি ও স্যানিটেশন বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সদস্যদের জানানো যাচ্ছে যে, জনাব, মোঃ আবদুল্লাহ আল মামুন, সভাপতি, স্বাস্থ্য, পানি ও স্যানিটেশন বিষয়ক স্থায়ী কমিটি ও কাউন্সিলর, ০২ নং ওয়ার্ড রাজবাড়ী পৌরসভার এর সভাপতিত্বে আগামী ১৮/০৯/২০২৩ খ্রীঃ তারিখ রোজ সোমবার, সকাল - ১১-০০ টায় পৌরসভা কার্যালয়ে কমিটির সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থেকে আপনার মূল্যবান মতামত প্রদান সহ সার্বিক সহযোগীতা করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

১। চলতি ত্রৈমাসিক পৌর এলাকায় স্বাস্থ্য, পানি ও স্যানিটেশন বিষয়ক স্থায়ী কমিটি আলোচনা প্রসংগে।
২। কোভিড-১৯, করোনা পরিস্থিতি প্রসংগে
৩। বিবিধ।

অনুরোধক্রমে

১২/৯/২৩

( মোঃ আব্দুল্লহ আল মামুন)
সভাপতি
স্বাস্থ্য, পানি ও স্যানিটেশন বিষয়ক স্থায়ী কমিটি ও
কাউন্সিলর, ০২ নং ওয়ার্ড
রাজবাড়ী পৌরসভা ।

Parmanent commity

# রাজবাড়ী পৌরসভা কার্যালয়
## রাজবাড়ী।

১৮/০৯/২০২৩ খ্রীঃ তারিখ রোজ সোমবার, সকাল, ১১-০০ টায় অনুষ্ঠিত পৌরসভার স্বাস্থ্য, পানি ও স্যানিটেশন বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিতির স্বাক্ষর।

| ক্রম | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব, মোঃ আব্দুল্লাহ আল মামুন | সভাপতি, স্বাস্থ্য, পানি ও স্যানিটেশন বিষয়ক স্থায়ী কমিটি ও কাউন্সিলর,০২ নং ওয়ার্ড, রাজবাড়ী পৌরসভা | |
| ২ | ,, মোঃ আলমগীর শেখ (তিতু) | সদস্য, স্বাস্থ্য, পানি ও স্যানিটেশন বিষয়ক স্থায়ী কমিটি ও সম্মানীত মেয়র, রাজবাড়ী পৌরসভা। | |
| ৩ | ,, মোঃ তৌহিদুল ইসলাম | সদস্য, স্বাস্থ্য, পানি ও স্যানিটেশন বিষয়ক স্থায়ী কমিটি ও কাউন্সিলর,০৯ নং ওয়ার্ড, রাজবাড়ী পৌরসভা | |
| ৪ | ,, মির্সেস ফারজানা আলম | সদস্য,স্বাস্থ্য,পানিও স্যানিটেশন বিষয়ক স্থায়ী কমিটি ও কাউন্সিলর, ১,২ও ৩ নং ওয়ার্ড,রাজবাড়ী পৌরসভা । | |
| ৫ | ,, মমতাজ বেগম | সদস্য, স্বাস্থ্য, পানি ও স্যানিটেশন বিষয়ক স্থায়ী কমিটি ও কাউন্সিলর,৪,৫ও ৬ নং ওয়ার্ড, রাজবাড়ী পৌরসভা। | |

Parmanent commity

# রাজবাড়ী পৌরসভা কার্যালয়,রাজবাড়ী।

## স্বাস্থ্য,পানি ও স্যানিটেশন সংক্রান্ত সভার কার্যবিবরনী ঃ-

সভাপতি ঃ জনাব মোঃ আবদুল্লাহ আল মামুন
স্থান ঃ রাজবাড়ী পৌরসভা কার্যালয়,রাজবাড়ী।
সময় ও তারিখ ঃ ১৮/০৯/২০২৩, সোমবার, সকাল ঃ ১১-০০ মিনিট

সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানীত সদস্য ও সহায়ক কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি স্বাস্থ্য,পানি ও স্যানিটেশনসহ অন্যান্য বিষয় সম্পর্কে আলোচনা করার জন্য অনুরোধ জানিয়ে সভার কাজ শুরু করেন।

আলোচ্য সূচী ঃ-

০১। বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন ।
০২। স্বাস্থ্য,পানি ও স্যানিটেশন বিষয়ে আলোচনা ও সুপারিশ প্রনয়ন ।
০৩। বিবিধি।

| ক্রঃ | আলোচ্য সুচী | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কর্যবিবরনী পাঠ ও অনুমোদন। | সভার শুরুতে সভাপতি মহোদয় জনাব মোঃ আবদুল্লাহ আল মামুন বিগত সভার কার্যবিবরনী পাঠ করেন এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতীক্রমে অনুমোদিত হয়। | কার্যবিবরনী অনুমোদিত হল। | সহায়তাকারী |
| ০২ | স্বাস্থ্য,পানি ও স্যানিটেশন সংক্রান্ত বিষয়ের সমস্যবলী নিয়ে আলোচনা ও সুপারিশ গ্রহন। | (গ) জনাব মোঃ তৌহিদুল ইসলাম তুহিন : সদস্য স্বাস্থ্য, পানি ও স্যানিটেশন বিষয়ক স্থায়ী কমিটি ও কাউন্সিলর ০৯ নং ওয়ার্ড, রাজবাড়ী পৌরসভা। তিনি আলোচনাপর্বে অংশগ্রহন করে সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে তার বক্তব্য শুরু করেন । তিনি বলেন পৌরসভার যে কয়টি স্থায়ী কমিটি রয়েছে তার মধ্যে তার মধ্যে স্বাস্থ্য,পানি ও স্যানিশেন কমিটি সবচেয়ে গুরুত্বপূর্ন কমিটি। তিনি বলেন রাজবাড়ী পৌরসভার পরিচ্ছন্ন শাখার কর্মচারীগন তাদের দায়িত্ব সঠিকভাবে পালন করছে না। কারন তার ওয়ার্ডে কমিউনিটি ভ্যানের মাধ্যমে বাড়ী বাড়ী হতে ময়লা নেওয়া হতো উক্ত কাজ গুলি সঠিকভাবে করা হয় না। কিন্তু এ ব্যাপারে পরিচ্ছন্ন শাখা হতে কোন তদারকি করা হয় না। তিনি এ ব্যাপারে জরুরী ভিত্তিতে ব্যবস্থা গ্রহন করার জন্য মেয়র মহোদয়কে পুনরায় অনুরোধ করেন। তিনি আরও বলেন তার ওয়ার্ডে পৌরসভার মাধ্যমে ট্রিটমেন্ট প্লান্টের পানী সরবরাহ করা হয়। কিন্তু উক্ত পানী ব্যবহারের অযোগ্য। পানীর মধ্যে আইরোনের কারনে পানী ব্যবহারের মত নয়। আমাদের ওয়ার্ড সবচেয়ে দরিদ্র ও অবহেলার কারনে নাগরিকদের সেবা নিতে পারছিনা। তাই তিনি মেয়র মহোদয়কে অনুরোধ করে তার ৯ নং ওয়ার্ডের দিকে বিশেষ নজর দেওয়ার জন্য পুনরায় অনুরোধ জানেন তিনি আরও বলেন তার ওয়ার্ডে ডেঙ্গু রোগের ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে তাই তিনি মশক নিধন স্প্রে করার জন্য অনুরোধ করে সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে তার বক্তব্য শেষ করেন। | পৌর পরিষদে আলোচনার মাধ্যমে ব্যাবস্থা গ্রহন করা হবে। | কঞ্জারভেন্সী ইন্সপেক্টর |

Parmanent commity

| ক্রঃ | আলোচ্য সুচী | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ০৩ | স্বাস্থ্য,পানি ও স্যানিটেশন সংক্রান্ত বিষয়ের সমস্যবলী নিয়ে আলোচনা ও সুপারিশ গ্রহন। আলোচ্য সুচী | (ক) জনাব মিসেস ফারজানা আলম : সদস্য, স্বাস্থ্য,পানি ও স্যানিটেশন বিষয়ক স্থায়ী কমিটি ও কাউন্সিলর (সংরক্ষিত) ১,২ও ৩ নং ওয়ার্ড, রাজবাড়ী পৌরসভা। তিনি আলোচনপর্বে অংশগ্রহন করে বলেন, সর্ব প্রথম তিনি সলক সদস্যকে স্বাগত জানিয়ে তার বক্তব্য শুরু করেন। তিনি বলেন এই স্থায়ী কমিটি খুবই গুরুত্বপূর্ন কমিটি । অথচ এই কমিটি সভার সিদ্ধান্ত গুলি নিয়ে আলোচনা করা হয় কিন্তু কার্যকর করা হয় না। কারন পরিষ্কার পরিচ্ছন্নতার কাজ বর্তমানে সঠিকভাবে করা হচ্ছে না। আগের মত পৌরসভার কর্মচারী কর্মকতা তাদের দায়িত্ব অবহেলার কারনে যত্রতত্র ময়লা আর্বজনা পরে থাকে । সেবক গন নিয়মিত ময়লা পরিষ্কার করে না। তাই তিনি মেয়র মহোদয়কে অনুরোধ করেন তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহন করার জন্য। তিনি পুনরায় অভিযোগ করে বলেন যে, খাদ্য গোডাউনের পাশে বাজারের সমস্ত ময়লা ফেলে দূর্গন্ধ সৃষ্টি করছে কিছু দিন ময়লা ফেলা বন্ধ ছিল সেবক গন পুনরায় ময়লা ফেলে পরিবেশকে দুষিত করছে। তাই তিনি আবারও মেয়র মহোদয়কে অনুরোধ জানান যাহাতে সেখানে ময়লা ফেলা না হয় তার জন্য ব্যবস্থ গ্রহন করার জন্য। তিনি আবারও বলেন কমিউনিটি ভ্যানের মাধ্যমে ময়লা নিয়মিতভাবে অপসারন করা হয় না। পরিশেষে সাভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে তার বক্তব্য শেষ করেন।<br>(খ) জনাব মমতাজ বেগম : সদস্য, স্বাস্থ্য,পানি ও স্যানিটেশন বিষয়ক স্থায়ী কমিটি ও কাউন্সিল ( সংরক্ষিত) ৪,৫ও ৬ নং ওয়ার্ড, রাজবাড়ী পৌরসভা। তিনি তার বক্তব্যের প্রথমে বলেন এই কমিটি একটি গুরুত্বপূর্ন কমিটি। কারন আমাদের স্বাস্থ্য বিষয়ে অনেক সমস্য রয়েছে বিশেষ করে পরিষ্কার পরিচ্ছন্নতা, পানি, জন্ম নিবন্ধনসহ অনেক সমস্য রয়েছে। মেয়র মহোদয়ের নিকট অনুরোধ এই সব বিষয়ে বিশেষ নজর দেওয়া জন্য বিশেষ করে বড়পুল চত্তর ও হাসপতাল চত্তরে সব সময় ময়লা আর্বজনা পরে থাকে সেবক গন নিয়মিত ময়লা আর্বজনা পরিষ্কার করেনা । এই বিষয়ে তদারকি করার মত কোন কর্মকর্তা বা কর্মচারীদের পাওয়া যায় না। তাই তিনি মেয়র মহোদয়কে অনুরোধ করেন। যাহাতে নিয়মিত ময়লা আবর্জনা পরিষ্কারসহ ময়লা অপসারন করা হয় তার জন্য ব্যবস্থ গ্রহন করার জন্য । তিনি আরো অভিযোগ করেন বলেন তার ওয়ার্ডে ডেঙ্গু রোগের প্রদুর্ভাব ব্যাপক ভাবে বৃদ্ধি পেয়েছে মশার কারনে মানুষ দিনের বেলাতেও ঘরে থাকতে পারে না। বিশেষ করে ব্যাঙপাড়া ও [illegible] এলাকায় মশার উপদ্রব ব্যাপক হারে বৃদ্ধি পেয়েছে তাই তিনি মেয়র মহোদয়কে পুনরায় অনুরোধ করেন তার ওয়ার্ডে মশার ওষধ ছিটানোর জন্য। তিনি আরও বলেন কমিউনিটি ভ্যানের মধ্যমে বাড়ী বাড়ী হতে যাতে নিয়মিত ময়লা নেয়া তার ব্যবস্থা করার জন্য এই বলে তার বক্তাব্য শেষ করেন. | পৌর পরিষদে আলোচনার মাধ্যমে ব্যাবস্থা গ্রহন করা হবে।<br>গৃহীত সিদ্ধান্ত | কঞ্জারভেন্সী ইন্সপেক্টর |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | স্বাস্থ্য,পানি ও স্যানিটেশন সংক্রান্ত বিষয়ের সমস্যবলী নিয়ে আলোচনা ও সুপারিশ গ্রহন। | (ঙ) জনাব মোঃ আলমগীর শেখ তিতু : সদস্য, স্বাস্থ্য,পানি ও স্যানিটেশন বিষয়ক স্থায়ী কমিটি ও সম্মানীত মেয়র, রাজবাড়ী পৌরসভা । তিনি আলোচনাপর্বে অংশগ্রহন করে সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত ও ধন্যবাদ জানিয়ে তার বক্তব্য শুরু করেন। তিনি বলেন পৌরসভায় যে কয়টি স্থায়ী কমিটি রয়েছে তার মধ্যে এই কমিটি একটি গুরুত্বপুর্ন কমিটি তাই তিনি সম্মানীত সদস্যদের কার্যকর ভুমিকা রাখার জন্য পুনারয় অনুরোধ করেন। তিনি বলেন পৌরসভার প্রথম ও প্রধান কাজ হচ্ছে নাগরিকদের সেবা প্রদান করা । আর এই সেবা প্রদান করার প্রধান ভুমিকা রাখবেন আপনারা, কারন আমাদের প্রধান কাজ হচ্ছে পরিষ্কার পরিচ্ছন্ন ও স্বাস্থ্য ও পানীর মত জীবন রক্ষাকারী সেবা প্রদান করা। এই কাজ আপনাদের মাধ্যমে করা হয়। তিনি আরও বলেন বর্তমানে পরিস্বার পরিচ্ছন্নতার কাজ অতীতে মত আমাদের কাজগুলি সঠিক ভাবে পালন করা হয় না। বিশেষকরে পরিষ্কার পরিচ্ছন্নতার মত কাজ আগের মত হচ্ছে না। তাই তিনি স্বাস্থ্য শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তাদের দায়িত্ব সঠিক ভাবে পালন করার জন্য নির্দেশ দেন। এবং প্রতিটি ওয়ার্ডে যাহাতে নিয়মিতভাবে মশার ওষধ ছিটানোর জন্য। তিনি বলেন স্বাস্থ্য শাখার সকল কর্মচারীদের তাদের দায়িত্ব অবহেলার কারনে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহন করা হবে। পরিশেষে তিনি সম্মানীত সদস্যদের আলোচনার অংশ গ্রহন করার জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে তার বক্তব্য শেষ করেন। | পৌর পরিষদে আলোচনার মাধ্যমে ব্যাবস্থা গ্রহন করা হবে। | কঞ্জারভেন্সী ইন্সপেক্টর |

পরিশেষে সভাপতি মহোদয় সকল সদস্যকে সভায় উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ জানিয়ে বলেন যে, পৌরসভার এই কমিটির কাজ সবচেয়ে গুরুত্বপূর্ন। তিনি বলেন স্বাস্থ্য, পানি ও স্যানিটেশন বিষয়ে অনেক সমস্য রয়েছে। এই সমস্যগুলির সমাধারে জন্য পুনরায় মেয়র মহোদয়কে অনুরোধ করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

১৮/৩/২৫

(মোঃ আবদুল্লাহ আল মামুন)
সভাপতি
স্বাস্থ্য,পানিও স্যানিটেশন বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ০২নং ওয়ার্ড
রাজবাড়ী পৌরসভা

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে :-

১। জনাব.............................................
সদস্য, স্বাস্থ্য,পানি ও স্যানিটেশন বিষয়ক স্থায়ী কমিটি, রাজবাড়ী পৌরসভা

১৮/৩/২৫

(মোঃ আবদুল্লাহ আল মামুন)
সভাপতি
স্বাস্থ্য,পানিও স্যানিটেশন বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ০২নং ওয়ার্ড
রাজবাড়ী পৌরসভা।